



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর-বিঅ-৬/৬৩২৬/৩৪৬

তারিখ : ০৭-০৫-২০২৩ খ্রি.

বিষয় : এডহক কমিটি গঠনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : (ক) প্রধান শিক্ষকের ২৮-০৪-২০২৩ খ্রি. তারিখের অনলাইনে আবেদন (আইডি নং-২১১৮৯)।

(খ) রিট পিটিশন নং-১৫৯১৬/২০২২ ও ৭৬/২০২৩ এর আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার চৌগাছা উপজেলায় চৌগাছা ছারা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে কমিটি গঠন সংক্রান্ত বিষয়ে মহামান্য হাইকোর্ট ডিভিশনে ১৫৯১৬/২০২২ নং রিট পিটিশন দায়ের হয় এবং মহামান্য আদালত ১৫/১২/২০২২ খ্রি. তারিখের আদেশের বিরুদ্ধে মহামান্য আপীল বিভাগে ৭৬/২০২৩ নং সিভিল পিটিশন ফর লীভ টু আপীল দায়ের হয়। মহামান্য আপীল বিভাগ গত ২৩-০১-২০২৩ খ্রি. তারিখে উভয় পক্ষের শুনানী-অন্তে এডহক কমিটির মেয়াদ ০৬-০৫-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিতসহ উক্ত তারিখের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি নির্বাচনের জন্য নির্দেশ প্রদান করেন। কিন্তু মহামান্য আপীল বিভাগের ২৩-০১-২০২৩ খ্রি. তারিখের আদেশ মোতাবেক এডহক কমিটি ০৬-০৫-২০২৩ খ্রি. তারিখের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি নির্বাচন করতে ব্যর্থ হওয়ায় মহামান্য আপীল বিভাগ ৭৬/২০২৩ নং সিভিল পিটিশন ফর লীভ টু আপীল চূড়ান্ত নিষ্পত্তি করায় বর্ণিত বিদ্যালয়ে পরবর্তী ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গর্ভনিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রধিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৯ অনুসারে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হলো। আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধিমোতাবেক এডহক কমিটি গঠন করে অনুমোদনের জন্য সোনালী সেবার মাধ্যমে বোর্ড তহবিলে ৩,০০০/- (তিন হাজার) টাকা ফিস এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রধান শিক্ষক

চৌগাছা ছারা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় (১১৫৬৫৬)

চৌগাছা, যশোর

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন নং-০২৪৭৭৭৬২৭০৫

স্মারক নম্বর-বিঅ-৬/৬৩২৬/৩৪৬(১-৫)

তারিখ : ০৭-০৫-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা, যশোর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চৌগাছা, যশোর।
- ৫। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

০৭/০৫/২০২৩
০৭/০৫/২৩